

**সিস্টেম এনালিস্ট**

সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার

স্বাক্ষর

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

সঃমেঃ ই-১/ সঃমেঃ ই-২

নথি

ডায়েরি নং.....

তারিখ ৩২/০২/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
রক্ষণাবেক্ষণ অধিশাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থ বছরের NIS কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর) এর ফিডব্যাক প্রদান এবং জানুয়ারি, ২০২১ মাসের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল মালেক  
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ২৬ জানুয়ারি, ২০২১

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের এবং অধীনস্থ দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ দ্বিতীয় প্রান্তিকের ফিডব্যাক প্রদান এবং জানুয়ারি, ২০২১ মাসের বাস্তবায়ন অগ্রগতি স্ব স্ব NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ সভায় দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং জানুয়ারি, ২০২১ মাসের NIS বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়।

২.১ সকল দপ্তর/সংস্থা দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, প্রতিবেদন সঠিক সময়ে প্রেরণ এবং বাস্তবায়ন অগ্রগতির প্রমাণক পাওয়া যায়।

২.২ অধীন সংস্থাসমূহের তৃতীয় প্রান্তিকের জানুয়ারি, ২০২১ এর NIS কার্যক্রমের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কোন কোন ক্ষেত্রে প্রতিবন্ধকতা রয়েছে সে সকল বিষয়ে আলোচনা হয়।

২.৩ সকল সংস্থার ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ যেমন সেবা প্রদান প্রতিশ্রুতি (CC), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), তথ্য অধিকার (RTI), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ওয়েবসাইটের নির্দিষ্ট ক্রম অনুসারে একইভাবে উপস্থাপন করা হলে বিষয়টি সম্পর্কে জনগণের ধারণা নেওয়া সহজ হবে।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
(১)	NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কার্যক্রমসমূহ প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ডিটিসিএ/ডিএমটিসিএল
(২)	আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান এবং শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুযায়ী সঠিকভাবে বাস্তবায়ন কার্যকর মনিটরিং করতে হবে;	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ডিটিসিএ/ডিএমটিসিএল
(৩)	মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ সংক্রান্ত যথা : সেবা প্রদান প্রতিশ্রুতি (CC), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), তথ্য অধিকার (RTI), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত ক্রম অনুযায়ী সকল তথ্য সন্নিবেশ ও নিয়মিত হালনাগাদ করতে হবে।	প্রধান প্রকৌশলী (সওজ)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ চেয়ারম্যান (বিআরটিএ/বিআরটিসি)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল)

৪.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৮/১/২১

মোঃ আব্দুল মালেক  
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০৭০.২০-৭১

তারিখ : ১৪ মাঘ, ১৪২৭  
২৮ জানুয়ারি, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
- ০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবজ্রে প্রকাশের অনুরোধসহ)
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৪। অফিস কপি/মাস্টার কপি।

দীপঙ্কর মন্ডল

উপসচিব

ফোন : ৯৫১৪০৭৫

E-mail: [dsmaintenance@rthd.gov.bd](mailto:dsmaintenance@rthd.gov.bd)